

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়: ভর্তি পরীক্ষার নির্দেশিকা প্রকাশ, নেগেটিভ মার্ক থাকছে

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: বৃহস্পতিবার, ২০ নভেম্বর ২০২৫



প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী, প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। প্রতিটি সঠিক উত্তরের মান নির্ধারণ করা হয়েছে ০.৭৫ নম্বর। ভর্তি পরীক্ষা হবে মোট ১০০ নম্বরের ভিত্তিতে। এর মধ্যে এমসিকিউ পরীক্ষার জন্য নির্ধারিত ৭২ নম্বর, এসএসসি/সমমান ফলাফলের জন্য ১০ নম্বর এবং এইচএসসি/সমমান ফলাফলের জন্য ১৮ নম্বর বরাদ্দ রাখা হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০২৫–২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) এবং বিবিএ প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার নির্দেশিকা প্রকাশ করা হয়েছে।

বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক মো. গিয়াস উদ্দিন স্বাক্ষরিত স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষের ভর্তি নির্দেশিকা প্রকাশ করা হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, এবারের ভর্তি প্রক্রিয়া শতভাগ অনলাইনভিত্তিক। শিক্ষার্থীরা <https://admission.jnu.ac.bd> ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবেন। আবেদন ফি নির্ধারণ করা হয়েছে।

ইউনিট ‘এ’, ‘বি’, ‘সি’, ‘ডি’ এর জন্য ১,০০০ টাকা এবং ইউনিট ‘ই’ (চারুকলা) এর জন্য ১,২০০ টাকা। মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে (বিকাশ, রকেট ও সেলফিন) এই ফি পরিশোধ করা যাবে।

ভর্তি পরীক্ষার জন্য নির্ধারিত যোগ্যতা অনুযায়ী, বিজ্ঞান ইউনিটে মোট জিপিএ (এসএসসি ও এইচএসসি) ন্যূনতম ৭.৫০, কলা ও আইন, ব্যবসায় শিক্ষা এবং সামাজিক বিজ্ঞান ইউনিটে কমপক্ষে ৬.৫০ জিপিএ থাকতে হবে। চারুকলা ইউনিটে আবেদনের জন্য ন্যূনতম মোট জিপিএ নির্ধারণ করা হয়েছে ৬.০০।

ভর্তি পরীক্ষার সময়সূচি অনুযায়ী, ‘ই’ (চারুকলা অনুষদ) ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৩ ডিসেম্বর। ‘এ’ (বিজ্ঞান) ইউনিটের পরীক্ষা হবে ২৬ ডিসেম্বর, ‘সি’ (ব্যবসায় শিক্ষা) ইউনিটের ২৭ ডিসেম্বর, ‘ডি’ (সামাজিক বিজ্ঞান) ইউনিটের ৯ জানুয়ারি এবং ‘বি’ (কলা ও আইন) ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩০ জানুয়ারি।

নির্দেশিকায় আরও বলা হয়, কোনো ধরনের জালিয়াতি, অসদুপায় অবলম্বন বা পরীক্ষায় অনিয়ম প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে প্রার্থিতা বাতিল করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

ভর্তি সংক্রান্ত সকল তথ্য বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশ করা হবে বলেও জানানো হয়েছে।